

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২ (অংশ-১)- ১৩২

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০
১৯ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান প্রধান সড়কদ্বীপ সজ্জিতকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান প্রধান সড়কদ্বীপ সজ্জিতকরণ বিষয়ে গত ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ড. মহঃ শের আলী, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উল্লিখিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

স্বাঃ
(পূরবী গোলদার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email :lgup1@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২ (অংশ-১)- ১৩২

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০
১৯ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ২। যুগ্মসচিব (প্রশাসন/ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাঃ
(পূরবী গোলদার)
সিনিয়র সহকারী সচিব

বিষয়: 'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান প্রধান সড়কদ্বীপ সজ্জিতকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মহঃ শের আলী
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ

সভার তারিখ : ১২/০২/২০২৪ খ্রি.

সময় : দুপুর ১২:০০ টা

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, সরকার প্রতিবছর ২৫ ফেব্রুয়ারি 'জাতীয় স্থানীয় সরকার দিবস' হিসেবে উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। দ্বিতীয় বারের মতো এ দিবসটি উদযাপিত হতে যাচ্ছে। গত বছর ১৪ সেপ্টেম্বর দিবসটি উদযাপিত হয়েছিল। এ বছর আগামী ২৫ ফেব্রুয়ারি দ্বিতীয় বারের মতো উদযাপিত হতে যাচ্ছে। দিবসটি উদযাপন উপলক্ষে ঢাকা সিটির প্রধান প্রধান সড়কদ্বীপগুলো সজ্জিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা ইতোমধ্যে সংশ্লিষ্টদের অবহিত করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি আলোচনার আহ্বান জানান।


২। স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) জনাব মোহাম্মদ তানভীর আজম সিদ্দিকী বলেন যে, 'জাতীয় স্থানীয় সরকার দিবস' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে যা যা করণীয় তা তা করতে হবে। সিদ্ধান্ত মোতাবেক উভয় সিটি কর্পোরেশনের নিজ নিজ এলাকার সড়কদ্বীপ, গোলচত্বর, নিজ নিজ ভবনে ড্রপ ডাউন ব্যানার, ফেস্টুন দিয়ে সজ্জিত করা যেতে পারে। দুই সিটি কর্পোরেশনের প্রতিনিধিগণ উল্লেখ করেন যে, সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। সভাপতি উল্লেখ করেন যে, যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগাম্ভীর্যের সাথে উৎসবমুখর পরিবেশে দ্বিতীয় বারের মতো 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে দুই সিটির প্রধান প্রধান সড়কদ্বীপ, গোলচত্বর, আব্দুল গণি রোড, মিন্টু রোড, বিজয় সরণীসহ সকল গুরুত্বপূর্ণ জায়গা সজ্জিত করতে পারে।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। স্থানীয় সরকার বিভাগ সচিবালয়ের ভবনসমূহে ড্রপডাউন ব্যানার এবং প্রধান গেটের সামনে বোর্ড স্থাপন করবে।
- ২। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নিজ নিজ ভবন, নিজ নিজ এলাকার সড়কদ্বীপ, গোলচত্বর সজ্জিতকরণের ব্যবস্থা করবে।
- ৩। আব্দুল গণি রোড, মিন্টু রোড, বিজয় সরণীসহ সকল গুরুত্বপূর্ণ সড়ক স্ব স্ব সিটি কর্পোরেশন সজ্জিত করবে।
- ৪। ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় নিয়ন সাইনের মাধ্যমে দিবসের তাৎপর্য তুলে ধরে সিটি কর্পোরেশন প্রচারের ব্যবস্থা করবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. মহঃ শের আলী
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ